

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 30-12-2025**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী - SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ রাজ্যে আসছে। মুখ্য নির্বাচনী আধিকারিক এবং ৮ জেলার জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন তারা।

দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটের দুটি ব্লকে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষক সি.মুরগানকে ঘিরে বিক্ষোভের ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান উত্তোর।

২) এসআইআর প্রক্রিয়া ভোটারদের অভিযোগ সংযোজন ও সংশোধনের আবেদন সহজ করতে বিএলও দের বুথে নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন।

৩) রাজ্য সফররত শীর্ষ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্য বিজেপির পদাধিকারীদের সঙ্গে একাধিক বৈঠক করবেন।

৪) আন্দামানের পোর্ট ব্লেয়ারে নেতাজী সুভাষচন্দ্র বসুর ত্রি বর্ষ রঞ্জিত পতাকা উত্তোলনের স্মরণে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৫) সর্বনিম্ন তাপমাত্রা নিরিখে কলকাতায় আজ এই মরশুমের সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। উত্তের ও দক্ষিণবঙ্গে আগামী কয়েকদিন কুয়াশার সম্ভাবনা।

---

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী - SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ রাজ্যে আসছে। দলে রয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি S B জোশী, আন্ডার সেক্রেটারি অভিনব আগরওয়াল। রাজ্যে পৌঁছে প্রতিনিধি দলটি প্রথমে বেশ কয়েকটি শুনানি কেন্দ্র যাবে। পরে তাঁরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল-এর সঙ্গে বৈঠক করবেন। এরপর কলকাতা উত্তর ও দক্ষিণ, দুই ২৪ পরগণা, হাওড়া, হুগলী, পূর্ব ও পশ্চিম বর্ধমানে জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকের কর্মসূচী রয়েছে তাদের। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আয়োজিত ঐ বৈঠকে বহুতল আবাসনগুলিতে পৃথক ভোটকেন্দ্র তৈরির বিষয়ে আলোচনা হবে।

বিকালে রাজ্যের সব জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলবে কমিশনের প্রতিনিধি দল।

---

দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটের দুটি ব্লকে শুনানি পর্বের কাজ খতিয়ে দেখতে গিয়ে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষক সি.মুরগানকে ঘিরে বিক্ষোভের ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান উত্তোর। মগরাহাট এক নম্বর ব্লকের শিরাকোল যুধিষ্ঠির ননিলাল হাইস্কুলে শুনানি কেন্দ্রে তাকে ঘিরে বিক্ষোভ দেখান স্থানীয়দের একাংশ। পরে মগরাহাট দু নম্বর ব্লক অফিসেও সি মুরগানের গাড়ি ঘিরে চলে বিক্ষোভ। ধাক্কাধাক্কিতে তার গাড়ির লক ভেঙে দেওয়া হয় বলে অভিযোগ।

বিজেপির দাবি তৃণমূল কংগ্রেস নেতা কর্মীরাই পরিস্থিতি অশান্ত করার চেষ্টা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সামাজিক মাধ্যমে এক পোস্টে অভিযোগ করেন, শাসকদলের জেলা পরিষদ সদস্য মুজিবর রহমান মোল্লার নেতৃত্বেই এই বিক্ষোভ চলে। পশ্চিমবঙ্গে জঙ্গলরাজ চলছে বলেও উল্লেখ করেন তিনি।

উল্লেখ্য, শুনানি পর্বের তৃতীয় দিনে রাজ্যের একাধিক শুনানি কেন্দ্রে তৃণমূল কংগ্রেসের বিএলএ-দের প্রবেশের দাবিতে বিক্ষোভে সামিল হন শাসক দলের নেতাকর্মীরা।

হুগলীর চুঁচুড়ার ব্লক অফিসে তৃণমূল কংগ্রেস বিধায়ক অসিত মজুমদার এই দাবিতে অবস্থান বিক্ষোভ শুরু করলে বেশ কিছুক্ষণের জন্য ব্যাহত হয় শুনানি প্রক্রিয়া। জেলার ধনেখালিতেও ব্লক অফিসে গিয়ে বিক্ষোভ দেখান স্থানীয় বিধায়ক অসীমা পাত্র। ভোটকর্মী ও বিএলও ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল এই ঘটনার তীব্র নিন্দা করেছেন। অসিত মজুমদারকে থেপ্তারের দাবি জানিয়েছেন তিনি।

মেদিনীপুরে জেলাশাসকের দপ্তরে শুনানি কক্ষে প্রবেশের দাবিতে তৃণমূল কংগ্রেসের বিএলএ-রা বিক্ষোভ দেখান।

পূর্ব বর্ধমানের ভাতারে এবং বর্ধমানের জেলাশাসকের দপ্তরেও একই চিত্র নজরে আসে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী যেসমস্ত শুনানি কেন্দ্রে অশান্তি হয়েছে, সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানিয়েছেন। তিনি বলেছেন, এসআইআর সম্পূর্ণ না হলে নির্বাচন হবে না। যার ফলে রাষ্ট্রপতি শাসন জারির পরিস্থিতি তৈরি হবে।

বাইট শুভেন্দু অধিকারী

এদিকে, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, তৃণমূল কংগ্রেস বুঝতে পেরেছে এসআইআর প্রক্রিয়া সম্পূর্ণ হলে তাদের কারচুপি প্রকাশ্যে চলে আসবে। তাই বিধায়ক,মন্ত্রী ও দলীয় নেতাদের মাধ্যমে শুনানি প্রক্রিয়া বন্ধ করার অপচেষ্টা চলছে। প্রশাসনকে আগাম জানানো সত্ত্বেও বিভিন্ন এলাকায় শুনানির নামে প্রহসন চলছে বলে মন্তব্য করেন তিনি।

এদিকে, এদিকে, শুনানির সময় বিএলএ-দের উপস্থিতির দাবিতে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে। দলে ছিলেন পার্থ ভৌমিক, শশী পাঁজা, পুলক রায়, বিরবাহা হাঁসদা ও সাংসদ বাপি হালদার।

-----

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় দাবিদাওয়া এবং আপত্তি পর্ব চলাকালীন ৬, ৭ ও ৮ নম্বর ফর্ম গ্রহণের জন্য বুথ লেভেল আধিকারিকদের বাড়তি দায়িত্ব দিয়েছে নির্বাচন কমিশন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সপ্তাহের কাজের দিনের মধ্যে যেকোনো তিনদিন বিএলও-দের নিজে বুথে অন্তত দু'ঘণ্টা করে উপস্থিত থাকতে হবে। পাশাপাশি, ছুটির দিনগুলিতে অন্তত চার ঘণ্টা করে বুথে বসে ভোটারদের কাছ থেকে ৬, ৭ ও ৮ নম্বর ফর্ম সংগ্রহ করতে হবে।

নির্দেশিকায় আরও বলা হয়েছে, শুনানি প্রক্রিয়ায় যাতে ব্যাঘাত না ঘটে, সেই জন্য এই সময়সূচি ই আর ও এবং এ ই আর ও-দের সঙ্গে আলোচনা করে প্রয়োজনে সামান্য

রদবদল করা যেতে পারে। তবে ভোটার ও সংশ্লিষ্ট আধিকারিকদের সুবিধার্থে নির্ধারিত সময়সূচি ব্যাপকভাবে প্রচারের নির্দেশও দেওয়া হয়েছে।

---

এসআইআর-এর শুনানি পর্বে তথ্য যাচাইয়ের জন্য বয়স্ক ও অসুস্থ ভোটারদের কেন্দ্রে হাজির হতে বাধ্য করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। কমিশনের তরফে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটার, গুরুতর অসুস্থ ব্যক্তি এবং বিশেষভাবে সক্ষমদের ক্ষেত্রে মানবিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। এই শ্রেণির ভোটাররা নিজেরা বা তাঁদের হয়ে কেউ অনুরোধ জানালে তাঁদের শুনানির জন্য ডাকা যাবে না। ইতিমধ্যেই যদি কোনও নোটিস জারি হয়ে থাকে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটারের সঙ্গে ফোনে যোগাযোগ করে শুনানিতে না আসার অনুরোধ জানানো যেতে পারে। যাচাই প্রক্রিয়া প্রয়োজনে তাঁদের নিজ বাসভবনেই সম্পন্ন করা হবে।

---

রাজ্য সফররত শীর্ষ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্য বিজেপির পদাধিকারীদের সঙ্গে একাধিক বৈঠক করবেন। ভোটমুখী পশ্চিমবঙ্গে দলীয় রণকৌশল নিয়ে আলোচনা হবে বলে মনে করা হচ্ছে। রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের কার্যকর্তাদের সঙ্গেও সাক্ষাতের কথা রয়েছে তাঁর। আগামীকাল সাংসদ ও বিধায়কদের সঙ্গে বৈঠকের পর সায়েন্সসিটি অডিটোরিয়ামে বুথ স্তরের কর্মীদের সঙ্গে কথা বলবেন শ্রী শাহ। কলকাতায় ইস্কন মন্দিরেও যাবেন তিনি।

গতকাল তিনদিনের সফরে কলকাতা পৌঁছে সল্টলেকে বিজেপির দফতরে দলীয় নেতাদের সঙ্গে স্বরাষ্ট্র মন্ত্রী বৈঠক করেন। বৈঠকে মূলত আগামী বিধানসভা নির্বাচন

সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে দলের নেতা, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সাংবাদিকদের জানান।

### বাইট

এদিকে, কলকাতায় পৌঁছনোর পরই সামাজিক মাধ্যমে বাংলায় পোস্ট করে শ্রী শাহ লেখেন, পশ্চিমবঙ্গ পরিবর্তনের জন্য সম্পূর্ণ প্রস্তুত।

-----

আন্দামানের পোর্ট ব্লেয়ারে নেতাজী সুভাষচন্দ্র বসুর ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলনের স্মরণে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১৯৪৩ সালের ৩০ শে ডিসেম্বর ঐতিহাসিক ঐ দিনটিতে নেতাজি সুভাষচন্দ্র বসু আন্দামানের পোর্ট ব্লেয়ারের জিম খানা মাঠে (বর্তমানে নেতাজি স্টেডিয়াম) ত্রিবর্ণ রঞ্জিত (Tri colour) পতাকা উত্তোলনের মধ্য দিয়ে স্বাধীনতার বার্তা দেন। ঐদিন নেতাজি সুভাষচন্দ্র বসু আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ কে ব্রিটিশ শাসন মুক্ত ভারতীয় ভূখণ্ড হিসেবে ঘোষণা করেন।

-----

জোন বদলে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার ইন্টারভিউ নেওয়ার সিগ্নল বেঞ্চেও নির্দেশের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্টের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ। গত ১৯ ডিসেম্বর দক্ষিণ -পূর্ব জোনে শারীরিক অসুস্থতার জন্য ইন্টারভিউতে বসতে পারেননি নবম-দশমের প্রার্থী রিঙ্কু সেন। এরপর অন্য জোনে তার ইন্টারভিউ নেওয়ার জন্য এসএসসিকে নির্দেশ দেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চে যায় এসএসসি। গতকাল বিচারপতি রবিকৃষ্ণ কাপুরের ডিভিশন বেঞ্চেও মামলার শুনানিতে কমিশন জানায়, বিশেষ পরিস্থিতি দেখিয়ে জোন বদলে ইন্টারভিউ নেওয়ার নির্দেশ দেওয়া হলে অনেকেই সেই সুবিধা নিতে

চাইবে। এর ফলে নিয়োগ প্রক্রিয়ায় বিরূপ প্রভাব পড়বে। ৫ই জানুয়ারি আদালতের ছুটির পর নিয়মিত বেঞ্চে ফের এই মামলার শুনানি হবে।

---

বাংলার দুর্গোৎসবের শিল্প, সংস্কৃতি ও ঐতিহ্যকে বহরভর দেশ বিদেশের মানুষের সামনে তুলে ধরতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নিউটাউনে প্রস্তাবিত দুর্গাঙ্গণের গতকাল শিলান্যাস করেছেন। দুর্গাপূজোকে ইউনেস্কোর বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্যের স্বীকৃতি দেওয়ার বিষয়টি স্মরণীয় করে রাখতে এই উদ্যোগ বলে মুখ্যমন্ত্রী জানান। দু'লক্ষ বর্গফুট এলাকায় তৈরি হতে চলা এই স্থায়ী দুর্গা মণ্ডপে এক লক্ষ লোক বসতে পারবেন। দুর্গাঙ্গণ নির্মাণে আনুমানিক খরচ ধরা হয়েছে প্রায় ২৬২ কোটি টাকা।

এদিকে শেষ মূহুর্তে নিউটাউনের প্রস্তাবিত দুর্গাঙ্গণ প্রকল্পের স্থান পরিবর্তন নিয়ে রাজনৈতিক বিতর্ক দানা বেঁধেছে।

ইকোপার্কের উল্টোদিকের জমির পরিবর্তে অ্যাকশন এরিয়া ওয়ানে নিউ টাউন বাস টার্মিনাসের কাছে একটি জমিতে ওই প্রকল্প গড়ে তোলা হবে বলে স্থির হয়েছে। এপ্রসঙ্গে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন একাংশের সংখ্যালঘু জমি মালিকদের আপত্তির জেরে একেবারে শেষমূহুর্তে জায়গা পরিবর্তন করা হয়েছে।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য কটাক্ষ করে বলেছেন, শিল্পের প্রয়োজনে জমি নিয়ে এখন সেখানে অন্য প্রকল্প হচ্ছে।

বাইট শমীক

বিজেপির আই টি সেলের প্রধান অমিত মালব্য নিজের এক্স হ্যান্ডেলে লেখেন, তথাকথিত ‘দুর্গাঙ্গন’ প্রকল্প তোষণনীতি ও দ্বিচারিতার রাজনীতিরই চেনা ছক।

কী কারণে একেবারে শেষমুহূর্তের দুর্গাঙ্গনের জায়গা পরিবর্তন করা হল, তা নিয়ে হিডকোর তরফে কিছু জানানো হয়নি। তবে রাজারহাট-নিউ টাউনের বিধায়ক তাপস চট্টোপাধ্যায় দাবি করেছেন, নতুন জায়গায় অনেক বেশি স্থান সঙ্কুলানের জন্যই এই পরিবর্তনের প্রাথমিক কারণ।

-----

দেশের চা শিল্পকে বাঁচাতে বিদেশ থেকে আমদানি করা চায়ের ওপর শুল্ক আরোপ ও কেন্দ্রীয় খাদ্য সুরক্ষা আইন প্রয়োগের দাবী জানিয়েছে চা বাগান সংগঠনগুলি। তাঁদের মতে দেশীয় উৎপাদন যথাযথ হলেও আমদানি বেড়ে যাওয়ায় নিলামে চায়ের দাম ক্রমশ কমছে। একটি প্রতিবেদন –

### ভয়েসকাস্ট

-----

সর্বনিম্ন তাপমাত্রা নিরিখে কলকাতায় আজ এই মরশুমের সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। আজ সকালে আলিপুরে ন্যূনতম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ২ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে ৭.২° কম, ডিসেম্বর মাসে দিনের তাপমাত্রা হিসেবে যা সব থেকে কম। আজ ও আগামীকাল দক্ষিণবঙ্গে প্রায় সব জেলাতেই হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে।



অন্যদিকে উত্তরবঙ্গের ছেলেগুলিতে আগামী পাঁচদিন বিক্ষিপ্ত ভাবে ঘন কুয়াশা থাকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

---